

সারাদেশ

কুষ্টিয়ায় সাড়ে ৬০০ শিক্ষার্থীর অংশগ্রহণে ক্যান্সার সচেতনতামূলক সেমিনার

প্রতিবেদক: কুষ্টিয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ছবি কুষ্টিয়া প্রতিনিধি

কুষ্টিয়ার মিরপুরে শিক্ষার্থীদের মধ্যে ক্যান্সার সম্পর্কে সচেতনতা বাড়াতে ক্যান্সার সচেতনতামূলক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। এতে বর্ডার গার্ড পাবলিক স্কুল অ্যান্ড কলেজের প্রায় সাড়ে ৬০০ শিক্ষক-শিক্ষার্থী অংশ নেন।

বৃহস্পতিবার (৬ আগস্ট) দুপুরে বর্ডার গার্ড পাবলিক স্কুল অ্যান্ড কলেজ মিলনায়তনে এ সেমিনারের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান আলোচক হিসেবে বক্তব্য দেন টিউমার ও ক্যান্সার বিশেষজ্ঞ ডা. তৌহিফুর রহমান। তিনি বলেন, ক্যান্সার সম্পর্কে ভয় নয়, প্রয়োজন সচেতনতা। রোগের প্রাথমিক লক্ষণ সম্পর্কে জানা, স্বাস্থ্যকর জীবনযাপন, তামাকজাত পণ্য পরিহার এবং সময়মতো চিকিৎসকের পরামর্শ নেওয়ার মাধ্যমে ক্যান্সারের ঝুঁকি অনেকাংশে কমানো সম্ভব।

সেমিনারে প্রধান অতিথি ছিলেন বর্ডার গার্ড বাংলাদেশ (৪৭ বিজিবি) কুষ্টিয়া ব্যাটালিয়নের সহকারী পরিচালক মো. নুরুল হুদা। তিনি শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, সচেতনতার মাধ্যমেই ক্যাম্পার প্রতিরোধে ইতিবাচক ভূমিকা রাখা সম্ভব। তরুণ প্রজন্ম নিজেদের পাশাপাশি পরিবার ও সমাজকেও এ বিষয়ে সচেতন করতে পারে।


বর্ডার গার্ড পাবলিক স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ মো. আবুল কালাম আজাদের সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন মিরপুর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. পিযুষ কুমার সাহা।

সেমিনারে ক্যাম্পারের কারণ, লক্ষণ, প্রতিরোধ এবং আধুনিক চিকিৎসা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। শেষে শিক্ষার্থীদের অংশগ্রহণে ক্যাম্পার সচেতনতাবিষয়ক প্রশ্নোত্তর পর্ব ও কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। পরে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।

এ বিভাগের আরও খবর



ভুল্লীতে আগুনে একই পরিবারের চার ঘর পুড়ে ছাই
ঠাকুরগাঁওয়ের ভুল্লী উপজেলার বালিয়া ইউনিয়নের কুমারপুর ফরেস্টের ডাংগাপাড়ায় অগ্নিকাণ্ডে একই পরিবারের চারটি ঘর পুড়ে গেছে। আজ সোমবার সকাল সাড়ে আট....



তজুমদ্দিনে মুক্তিযোদ্ধা কার্ড দেওয়ার কথা বলে পরিবারপ্রতি ৩ লাখ টাকা নেওয়ার অভিযোগ
ভোলায় তজুমদ্দিনে ভূয়া মুক্তিযোদ্ধা কার্ড তৈরি করে নেওয়ার কথা বলে কয়েকটি পরিবারের কাছ থেকে টাকা নেওয়ার অভিযোগ উঠেছে। পরিবারপ্রতি প্রায় ৩ লাখ....



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক
গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে [ইমাম-ওলামা মাসারের সম্মেলন ও দেয়া অনুষ্ঠান] অনুষ্ঠিত হয়েছে। শনিবার...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/kushtiyay-sare-600-shiksharthir-ongshgrhne-kjansar-schetntamulk-seminar>